

যায়যায়দিন

তারিখ .. ০ 7 .APR 2008

পৃষ্ঠা ২৬ খণ্ড .. ৪.....

রংপুর নর্দার্ন প্রাইভেট মেডিকাল কলেজ

আজ থেকে ফের আন্দোলন আমরণ অনশন

রংপুর প্রতিদিন

রংপুর নর্দার্ন প্রাইভেট মেডিকাল কলেজের শিক্ষার্থীরা আজ থেকে ফের কঠোর আন্দোলনের কর্মসূচি নিয়েছে। ছয় দফা দাবিতে কর্মসূচির মধ্যে রয়েছে প্রতীক অনশন, আমরণ অনশন ও আত্মহত্যা। এ নিয়ে সেখানে উত্তম পরিস্থিতি বিরাজ করছে। এছাড়া কলেজ কর্তৃপক্ষের বিরুদ্ধে শিক্ষার্থীরা মামলার প্রকৃতি নিচ্ছে। রবিবার স্থানীয় একটি হোটেল সংবাদ সম্মেলনে ছাত্ররা ওই কর্মসূচি ঘোষণা করে।
সংবাদ সম্মেলনে কলেজের দ্বিতীয় বর্ষের ছাত্র এস এম হাসানুজ্জামান লিখিত বক্তব্যে বলেন, গত বছর এ কলেজে ভর্তি হয় ২৪ শিক্ষার্থী। এ জন্য তাদের কাছ থেকে মোট ৪৪ লাখ টাকা নেয়া হয়। ভর্তির দুই মাসের মধ্যে শিক্ষার্থীদের নবায়ন ও ইউনিভার্সিটি রেজিস্ট্রেশনের কথা ছিল। কিন্তু ভর্তির এক বছর পরিয়ে গেলেও তা করা হয়নি।

এছাড়া কলেজে স্বাধীনভাবে নেই কোনো শিক্ষক। রংপুর মেডিকাল কলেজের শিক্ষক দিয়েই চালিয়ে নেয়া হচ্ছে ক্লাস। পরে ছাত্ররা এসব বিষয়ে কলেজ কর্তৃপক্ষকে চাপ সৃষ্টি করে। কলেজ কর্তৃপক্ষ-স্বাক্ষরিত বাইন্ডি দিয়ে তাদের ওপর চড়াও হয় বলে তারা অভিযোগ করেন। এতে তারা নিরাপত্তাহীনতায় ভুগছেন বলে উল্লেখ করা হয়।
সংবাদ সম্মেলনে আরো বলা হয়, কলেজের সমস্যা সমাধানে জেলা প্রশাসনসহ বিভিন্ন মহলে অভিযোগ করেও কোনো কাজ হয়নি। এ জন্য ছয় দফা দাবিতে আন্দোলনের কর্মসূচি নেয়া হয়েছে। দাবিগুলো হচ্ছে- চলতি মাসের মধ্যেই রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্ন, প্রথম প্রফেশনাল পরীক্ষা নিশ্চিতকরণ, সুষ্ঠুভাবে কলেজ পরিচালনার জন্য গভর্নিং বডি তৈরি, ১৫ ক ৪

আজ থেকে ফের আন্দোলন

(শেষ পৃষ্ঠার পর)

প্রয়োজনীয় বই, ল্যাব সরঞ্জাম সরবরাহ, হাসপাতাল চালু ও স্বাধীনভাবে শিক্ষক নিয়োগ। এসব দাবি মেনে নেয়া না হলে শিক্ষার্থীদের আত্মহত্যা ছাড়া বিকল্প কোনো পথ নেই। এছাড়া কলেজ কর্তৃপক্ষের বিরুদ্ধে শিক্ষার্থীরা দুই-এক দিনের মধ্যেই মামলা করবে। তাদের আন্দোলনের সঙ্গে প্রথম বর্ষের ১৩ শিক্ষার্থীও একাত্রে ঘোষণা করে। তাদের আন্দোলন কর্মসূচির মধ্যে রয়েছে আজ ও কাল কলেজে প্রতীক অনশন এবং বুধবার থেকে আমরণ অনশন। সংবাদ সম্মেলনে শিক্ষার্থীদের মধ্যে উপস্থিত ছিলেন আসমাউন হসনা সুভ, সামা পারভীন, শাহাদৎ হোসেন সুমন।
শিক্ষার্থীরা জানান, জুলাই থেকে ফাস্ট প্রফেশনাল পরীক্ষা শুরু হবে। ওই পরীক্ষায় অংশ নিতে না পারলে তাদের শিক্ষা জীবন অনিশ্চিত হয়ে পড়বে। কিন্তু এখনো তাদের রেজিস্ট্রেশন হয়নি।
এ ব্যাপারে নর্দার্ন মেডিকাল কলেজের

চেয়ারম্যান রোকেয়া লাভলী জানান, শিক্ষার্থীদের দাবিগুলো তারা সমাধানের চেষ্টা করছেন।
উল্লেখ্য, এর আগে একই দাবিতে ২৬ ফেব্রুয়ারি ছাত্রছাত্রীরা প্রতীক অনশন কর্মসূচি পালন করে।